

## 🗏 আল-বাকারা | Al-Baqara | ٱلْبَقَرَة

আয়াতঃ ২: ৭১

## **আ** আরবি মূল আয়াত:

قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ لَّا ذَلُولٌ تُثِيرُ الأرضَ وَ لَا تَسقِى الحَرثَ مُسَلَّمَةٌ لَا شَيَةً فِيهَا ٤ قَالُوا النِّنَ جِئِتَ بِالحَقِّ ٤ فَذَبَحُوهَا وَ مَا كَادُوا يَفْعَلُونَ لَا شَيِةً فِيهَا ٤ قَالُوا النِّنَ جِئِتَ بِالحَقِّ ٤ فَذَبَحُوهَا وَ مَا كَادُوا يَفْعَلُونَ لَا شَيِةً فِيهَا ٤ قَالُوا النِّنَ جِئِتَ بِالحَقِّ ٤ فَذَبَحُوهَا وَ مَا كَادُوا يَفْعَلُونَ لَا شَيِةً فِيهَا ٤ قَالُوا النِّنَ جِئِتَ بِالحَقِّ ٤ فَذَبَحُوهَا وَ مَا كَادُوا يَفْعَلُونَ لَا شَيّةً فِيهَا ٤ قَالُوا النِّنَ جِئِتَ بِالحَقِّ ٤ فَذَبَحُوهَا وَ مَا كَادُوا يَفْعَلُونَ كَادُوا يَعْمَلُونَ عَلَيْهَا اللّهُ عَلَيْهِ اللّهُ عَلَيْهِ اللّهُ عَلَيْهُ اللّهُ عَلَيْهِ اللّهُ عَلَيْهِ اللّهُ عَلَيْهُ اللّهُ عَلَيْهُ اللّهُ عَلَيْهِ اللّهُ اللّهُ عَلَيْهُ اللّهُ عَلَيْهُ اللّهُ الللّهُ اللّهُ الل

## 

সে বলল, 'নিশ্চয় তিনি বলছেন, 'নিশ্চয় তা এমন গাভী, যা ব্যবহৃত হয়নি জমি চাষ করায় আর না ক্ষেতে পানি দেয়ায়। সুস্থ যাতে কোন খুঁত নেই'। তারা বলল, 'এখন তুমি সত্য নিয়ে এসেছ'। অতঃপর তারা তা যবেহ করল অথচ তারা তা করার ছিল না। — আল-বায়ান

মূসা বলল, 'তিনি বলছেন, তা এমন এক গরু যা জমি চাষে ও ক্ষেতে পানি সেচের জন্য ব্যবহৃত হয়নি বরং সুস্থ ও নিখুঁত'। তারা বলল, 'এখন তুমি সত্য প্রকাশ করেছ'। তারা তাকে যবহ করল যদিও তাদের জন্য সেটা প্রায় অসম্ভব ছিল। — তাইসিরুল

সে বলেছিলঃ নিশ্চয়ই তিনি বলেছেন যে, অবশ্যই সেই গরু সুস্থকায়, নিখুঁত, ওটা চাষাবাদের কাজে লাগানো হয়নি এবং ক্ষেতে পানি সেচনেও নিযুক্ত হয়নি। তারা বলেছিলঃ এক্ষণে তুমি সত্য এনেছ, অতঃপর তারা ওটা যবাহ করল যা তাদের করার ইচ্ছা ছিলনা। — মুজিবুর রহমান

He said, "He says, 'It is a cow neither trained to plow the earth nor to irrigate the field, one free from fault with no spot upon her.' " They said, "Now you have come with the truth." So they slaughtered her, but they could hardly do it. — Sahih International

৭১. মূসা বললেন, তিনি বলেছেন, সেটা এমন এক গাভী যা জমি চাষে ও ক্ষেতে পানি সেচের জন্য ব্যবহৃত হয়নি, সুস্থ ও নিখুঁত। তারা বলল, 'এখন তুমি সত্য নিয়ে এসেছ। অবশেষে তারা সেটাকে যবেহ করল, যদিও তারা তা করতে প্রস্তুত ছিল না।

তাফসীরে জাকারিয়া



- ৭১। মূসা বলল, তিনি বলছেন, 'এ এমন একটি গাভী যা জমির চাষে ও ক্ষেতে পানি সেচের জন্য ব্যবহূত হয়নি -- সুস্থ নিখুঁত।' তারা বলল, 'এখন তুমি সঠিক বর্ণনা এনেছ।' অতঃপর তারা তা যবেহ করল, অথচ যবেহ করতে পারবে বলে মনে হচ্ছিল না। (1)
  - (1) তাদেরকে এই নির্দেশই দেওয়া হয়েছিল যে, তারা একটি গাভী যবেহ করবে। তারা যে কোন একটি গাভী যবেহ করলেই আল্লাহর আদেশ পালন হয়ে যেত। কিন্তু তারা আল্লাহর নির্দেশের উপর সোজাসুজি আমল করার পরিবর্তে খুঁটিনাটির পিছনে পড়ে বিভিন্ন রকমের প্রশ্ন করতে শুরু করে দিল। ফলে আল্লাহ তাআলাও তাদের সে কাজকে পর্যায়ক্রমে তাদের জন্য কঠিন করে দিলেন। আর এই জন্যই দ্বীনের (খুঁটিনাটির) ব্যাপারে গভীরভাবে অনুসন্ধান চালাতে ও কঠিনতা অবলম্বন করতে নিষেধ করা হয়েছে। (প্রকাশ যে, এই গাভী যবেহর ঘটনার উল্লেখের ফলেই এই সূরার নাম 'বাক্লারাহ' রাখা হয়েছে।)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=78

👲 হাদিস্বিডির প্রজেক্টে অনুদান দিন